



ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়
রেজিস্ট্রারের কার্যালয়
বছিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১
www.iau.edu.bd

স্মারক নং-ইআবি/রেজি/প্রশা/ফা.গ.ব/রা-২১/২০১৭/৪১৭

তারিখ: ২৪ ফাগুন ১৪৩২ ব.
০৯ মার্চ ২০২৬ খ্রি.

বিষয়: বেতন বিল ও উৎসব ভাতা স্বাক্ষর প্রসঙ্গে।

সূত্র: নুন্দহ ফাজিল মাদরাসা, নন্দীগ্রাম, বগুড়া-এর সহকারী অধ্যাপক মো: শাহিনুর ইসলাম গং ০৮.০৩.২০২৬ খ্রি. তারিখের আবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রে বর্ণিত আবেদনের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, নুন্দহ ফাজিল মাদরাসা, নন্দীগ্রাম, বগুড়া-এর সহকারী অধ্যাপক মো: শাহিনুর ইসলাম গং ০৮.০৩.২০২৬ খ্রি. তারিখে মাদরাসার ফেব্রুয়ারী ২০২৬ মাসের বেতন বিল ও উৎসব ভাতা স্বাক্ষরের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিশ্ববিদ্যালয়ে আবেদন দাখিল করেছেন। বর্ণিত মাদরাসার গভর্নিং বডি'র সভাপতি হিসেবে গত ০৩.০৩.২০২৬ খ্রি. তারিখে স্মারক নং-ইআবি/রেজি/প্রশা/ফা.গ.ব/রা-২১/২০১৭/৩৬৬ মোতাবেক ড. মোহা: হাছানা আলী-কে মনোনয়ন প্রদান করা হয়েছে।

এমতাবস্থায়, সভাপতি এবং প্রতিষ্ঠান প্রধান কর্তৃক এমপিও বিলে যৌথভাবে স্বাক্ষর করে শিক্ষক ও কর্মচারীদের বেতন বিল ও উৎসব ভাতা প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক বিষয়টি বিশ্ববিদ্যালয়কে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। অন্যথায় বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে।

ভাইস-চ্যান্সেলর মহোদয়ের অনুমোদনক্রমে


০৯/০৩/২০২৬
(ফাহাদ আহমদ মোমতাজী)
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)
মোবাইল: ০১৭০৫৪০৮০০১
মেইল: iauregistr@gmail.com

প্রাপক

অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)

নুন্দহ ফাজিল মাদরাসা


উপজেলা- নন্দীগ্রাম, জেলা- বগুড়া।

স্মারক নং-ইআবি/রেজি/প্রশা/ফা.গ.ব/রা-২১/২০১৭/৪১৭(৬)

তারিখ: ০৯ মার্চ ২০২৬ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. জেলা প্রশাসক, বগুড়া।
২. ড. মোহা: হাছানা আলী, সভাপতি, নুন্দহ ফাজিল মাদরাসা, নন্দীগ্রাম, বগুড়া।
৩. উপজেলা নির্বাহী অফিসার, নন্দীগ্রাম, বগুড়া।
৪. ভাইস-চ্যান্সেলরের একান্ত সচিব (মাননীয় ভাইস-চ্যান্সেলরের সদয় অবগতির জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৫. আই.সি.টি. শাখা (ওয়েবসাইটে প্রকাশের জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৬. সংশ্লিষ্ট নথি ও মহানথি।


০৯/০৩/২০২৬
(মো: শাহ নেওয়াজ)
সহকারী রেজিস্ট্রার
মোবাইল: ০১৭১১-৬৬৫৪০৫